

Meeting of 7th IBSA Academic Forum

August 11, 2021

সপ্তম আইবিএসএ আকাদেমিক ফোরামের বৈঠক

অগাস্ট 11, 2021

বিদেশ মন্ত্রকের প্রতিমন্ত্রী ড রাজকুমার রঞ্জন সিং, 11-12 অগাস্ট 2021 -এ ভার্চুয়ালি অনুষ্ঠিত সপ্তম আইবিএসএ আকাদেমিক ফোরামের বৈঠকের উদ্বোধন করেছেন ।

প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে বলেছেন যে, ভারত, ব্রাজিল এবং দক্ষিণ আফ্রিকা গণতান্ত্রিক আদর্শের অনুশীলনে এবং ঔপনিবেশিক উত্তরাধিকারকে উপড়ে ফেলার জন্য একসাথে লড়াই করে আসছে এবং ইউ এন, আইএমএফ, ওয়ার্ল্ড ব্যাঙ্ক, ডব্লিউটিও ও হ সহ বিভিন্ন বহুপাক্ষিক সংস্থাগুলির সংশোধন কে স্বরান্বিত করার পিছনে বড় ভূমিকা রয়েছে। তিনি রেখাপাত করেছেন যে, গ্লোবাল সাউথের জোট বদ্ধতা, স্থায়ী বিকাশের লক্ষ্য এবং সাধারণ কিন্তু ভিন্ন দায়িত্ব ও সংশ্লিষ্ট ক্ষমতার উপরে জোর দেবার সময়ে সমতার আদর্শ, শর্তহীনতা এবং অ-হস্তক্ষেপকে এর কেন্দ্রস্থলে রেখে উন্নয়নের এজেন্ডাকে বাস্তবায়িত করতে সাহায্য করতে পারে। চালু থাকা আইবিএসএ ফেলোশিপ কার্যক্রম এবং অংশীদারি ও সহযোগিতাকে এগিয়ে নিয়ে যাবার জন্য অদম্য অবদান তৈরি করার প্রচেষ্টার জন্য প্রতিমন্ত্রী প্রশংসা করেছেন। তিনি আইবিএসএ তহবিলটিও উল্লেখ করেছেন যা প্রতিষ্ঠার পর থেকে এত বছর ধরে অসাধারণভাবে ভাল কাজ করেছে এবং সহযোগিতার একটি মডেলকে প্রতিনিধিত্ব করে যা প্রকৃতপক্ষে 'দক্ষিণাঞ্চলীয় উন্নয়ন' আখ্যানকে শক্তিশালী করে এবং এসডিজি অর্জনের জন্য বহুপাক্ষিক সমাধানকে এগিয়ে নিয়ে যায়।

দুই দিন ব্যাপী এই অনুষ্ঠানের আয়োজক ছিল ভারত সরকারের বিদেশ মন্ত্রকের একটি স্বায়ত্ব শাসিত থিঙ্ক-ট্যাংক, রিসার্চ অ্যান্ড ইনফরমেশন সিস্টেম ফর ডেভেলপিং কাউন্সিল (আর আই এস)। অর্থনৈতিক অংশীদারিত্বের উপরে আইবিএসএ-র শেরপাদের আলোচনা এর একটি বৈশিষ্ট্য হিসেবে এর মধ্যে রয়েছে যেটি অন্যান্য সকল বিষয়ের মধ্যে, অতিমারির পরে স্থায়ী আদর্শ শৃংখল তৈরি করতে অর্থনৈতিক একীকরণ এবং সচযোগিতা প্রদানে সাহায্য করবে, ডিজিটাল ও সবুজ রূপান্তরকে স্বরান্বিত করবে। ফোরামটি COVID-19 সম্পর্কিত চলাচলের বিধিনিষেধের কারণে ভার্চুয়াল মোডে অনুষ্ঠিত হচ্ছে এবং এর লক্ষ্য কেন্দ্রীভূত রয়েছে আইবিএসএ বিকাশ সহযোগিতা উদ্যোগের উপরেও। এই অনুষ্ঠানে তিনটি বিষয়ের উপরে প্লেনারী সেশন রয়েছে- সেগুলি হল, আর্থিক এবং অর্থনৈতিক পুনরুদ্ধারের অধিকার পাবার জন্য অতিমারি পরবর্তী প্রয়োজনীয়তা; বাণিজ্য এবং স্থায়ী আদর্শ শৃংখলের উপরে আইবিএসএ-র সহযোগিতা; এবং 'প্রযুক্তি ও অন্তর্ভুক্তিমূলক সামাজিক ক্ষেত্রের উন্নয়নের মাধ্যমে অতিমারি পরবর্তী স্থিতিশীলতা তৈরি করা।'

আইবিএসএর বর্তমান চেয়ারম্যান হল ভারত। আইবিএসএ হল একটি অনন্য ফোরাম যেটি একই ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হওয়া তিনটি বিভিন্ন দেশ থেকে আসা তিনটি বৃহৎ গণতন্ত্র এবং প্রধান অর্থনীতির ভারত, ব্রাজিল ও দক্ষিণ আফ্রিকাকে একত্রিত করেছে। আইবিএসএ-এর সফলতা, গতানুগতিক বিশেষজ্ঞ এবং প্রশিক্ষণের আদানপ্রদানের বাইরে গিয়ে দক্ষিণ-দক্ষিণ সহযোগিতার আকাঙ্ক্ষা এবং সম্ভাব্যতাকে সবথেকে পরিপূর্ণভাবে প্রদর্শন করেছে।

নিউ দিল্লি

অগস্ট 11, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.